

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
জেলা প্রাথমিক শিক্ষা অফিস, লক্ষ্মীপুর।  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
dpeoloxmi@gmail.com

জরুরি

স্মারক নম্বর: ৩৮.০১.৫১০০.০০০.২৩.০০৫.১৯.৪৯

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৫

০৬ মার্চ ২০১৯

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ০৫ মার্চ ২০১৯ তারিখের ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০২.২০১৬.২৯৬/১৩৯(৪) নং স্মারক পত্রের নির্দেশনা অনুযায়ী আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্দু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৯ তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো। দিবসের সকল কর্মসূচিতে বাধ্যতামূলকভাবে সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। বিষয়টি তাঁর আওতাধীন সকল কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষক-শিক্ষিকাগণকে অবহিতকরণসহ দিবসটি যথাযথভাবে উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। কপি সংযুক্ত ১(এক) পাতা।

৬-৩-২০১৯

আবু জাফর মো: সালেহ  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
ফোন: ০৩৮১-৬২৩৪৬।

উপজেলা শিক্ষা অফিসার (সকল)  
উপজেলা:রামগতি/রায়পুর/রামগঞ্জ/লক্ষ্মীপুর সদর/কমলনগর,  
জেলা:লক্ষ্মীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০২.২০১৬- ২৯৬/১৬৯৫

তারিখ: ২৯ ফাল্গুন, ১৪২৫।  
০৮ মার্চ, ২০১৯।

বিষয়: আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২৫.০২.২০১৯ তারিখের ৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-২৫৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত সভার কার্যবিবরণী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে পাওয়া গেছে।

২। এমতাবস্থায়, আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০১৯ উদযাপনের লক্ষ্যে কার্যবিবরণীর ১৬নং অনুচ্ছেদ অনুযায়ী দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচ্য দিবসে বাধ্যতামূলকভাবে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি নিশ্চিতকরণসহ যথাযথভাবে উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ আশরাফুর রহমান  
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)  
ফোনঃ ৫৫০৭৪৯১৭

বিতরণ:

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ (তাঁর আওতাধীন সকল কর্মকর্তাকে অবহিত করাসহ প্রয়োজ্য কার্যক্রম বাস্তবায়নের অনুরোধসহ)।
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ..... (তাঁর আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষকগণকে অবহিত করাসহ প্রয়োজ্য কার্যক্রম বাস্তবায়নের অনুরোধসহ)।
৩. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), ..... (তাঁর আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষকগণকে অবহিত করাসহ প্রয়োজ্য কার্যক্রম বাস্তবায়নের অনুরোধসহ)।

অনুলিপি:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দু: আ: সচিব এর একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. মহাপরিচালক-এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪)-এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. পরিচালক (প্রশাসন)-এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।